

**ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রস্তাবিত ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী বিষয়ক কার্যক্রমের  
তালিকাঃ**

১। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত নতুন পুস্তকের প্রচ্ছদ, সংক্ষিপ্ত বিষয়বস্তু ও লেখক পরিচিতি  
অনলাইনে প্রদর্শনঃ

**বিদ্যমান অবস্থাঃ**

- বর্তমানে ইসলামিক ফাউন্ডেশনের সর্বশেষ প্রকাশিত পুস্তক সম্পর্কে আগ্রহী ক্রেতাগণ অবহিত থাকেন  
না। ফলে অনেক ক্রেতা গুরুত্বপূর্ণ পুস্তক ক্রয় করতে পারেন না।

**সমস্যা সমাধান ও বাস্তবায়ন পদ্ধতিঃ**

- ক) সদ্য প্রকাশিত নতুন পুস্তকের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
- খ) প্রতিটি পুস্তকের প্রচ্ছদসহ বইয়ের বিষয়বস্তু ও লেখকের সংক্ষিপ্ত পরিচিতি সম্বলিত বইয়ের এনিমেশন  
আকারে ভিডিও তৈরি অথবা পিডিএফ ফরমেট আকারে ওয়েবসাইটে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ  
করা হবে;

২। অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনঃ

**বিদ্যমান পদ্ধতিতে সমস্যাঃ**

- করোনাজনিত কারনে সামাজিক দূরত্ব বজায় রাখতে গিয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সম্ভব  
হচ্ছে না।

**বাস্তবায়ন পদ্ধতিঃ**

zoom apps এর মাধ্যমে বাংলাদেশের সকল বিভাগ ও জেলা কার্যালয়ভিত্তিক ইসলামিক  
সাংস্কৃতিক প্রতিযোগিতা ( কিরাত, হামদ-না'ত, উপস্থিত বক্তৃতা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমানের ভাষণের অনুকৃতি, কবিতা আবৃত্তি) আয়োজন করা সম্ভবপর হবে। প্রতিযোগীগণ নিজ নিজ অবস্থানে  
থেকে অনলাইনে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। বিজয়ী প্রতিযোগীগণ অনলাইনে সার্টিফিকেটও  
গ্রহণ করতে পারবেন।

৩। অনলাইন মাসআলা মাসায়েল ও ফতোয়া প্রদান

ইসলামিক ফাউন্ডেশনের নির্ধারিত মুফতি জন সাধারণকে তাদের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে মাসালা  
মাসায়েল ও ফতোয়া প্রদান করে থাকেন। মাসালা মাসায়েল ও ফতোয়া প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে একটি  
অনলাইন সেবা চালু করা যেতে পারে।

**বিদ্যমান পদ্ধতিতে অসুবিধাঃ**

- সেবা গ্রহিতা জানেনা প্রকৃতপক্ষে কার কাছ থেকে সেবাটি পাওয়া যাবে।
- সেবা নেয়ার জন্য সেবা গ্রহিতাকে বারবার আসতে হয়।
- বারবার আসার ফলে টিসিভি বৃদ্ধি পায়।
- সেবাগ্রহিতা ভোগান্তির স্বীকার হন।

### অনলাইন বাস্তবায়ন পদ্ধতিঃ

মাসালা মাসায়েল ও ফতোয়া প্রদানের জন্য আলাদা একটি ফরম বা ইফা ওয়েবসাইটের সাথে লিংক থাকবে। ঐ ফরমে গ্রাহকের যাবতীয় তথ্যসহ মাসালা মাসায়েল ও ফতোয়ার বিষয়ক প্রশ্ন ও জবাবের জন্য টেক্সটফিল্ড থাকবে। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মনোনিত মুফতি প্রদত্ত জবাব ই-মেইলের মাধ্যমে প্রদান করা হবে।

### সুবিধাঃ

- সেবা প্রাপ্তির স্থান সম্পর্কে সেবা গ্রহীতা অবহিত থাকবেন।
- সেবা প্রাপ্তির জন্য সেবা গ্রহীতাকে ভ্রমণ করতে হবে না।
- স্বল্পতম সময়ে সেবাপ্রাপ্তি সম্ভব হবে।

### ৪। ওয়াজ মাহফিল ও আলোচনা সভা সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ সম্প্রচারঃ

করোনা কালীন সময়ে সামাজিক দূরত্ব বজায় রাখা প্রয়োজন। কিন্তু ওয়াজ মাহফিলে প্রচুর জনসমাগম হয়ে থাকে। এমতাবস্থায়, অনলাইনের মাধ্যমে পবিত্র বায়তুল মোকাররম কর্তৃক আয়োজিত ওয়াজ মাহফিল/আলোচনা সভা সামাজিক যোগাযোগ মাধ্যমে (ইউটিউব/ফেইসবুক) সম্প্রচার করা সম্ভব হলে কোন রকম স্বাস্থ্য ঝুঁকি ছাড়াই সাধারণ জনগণ ইসলামিক জ্ঞান অর্জন করতে পারবে।

### ৫। মোবাইল ট্র্যাকিংয়ের মাধ্যমে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সুপারভাইজার ও মাস্টার ট্রেনারদের কার্যক্রম পর্যবেক্ষণ প্রসঙ্গে।

ইসলামিক ফাউন্ডেশনের মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সকল সুপারভাইজার ও মাস্টার ট্রেনারদের নিকট প্রদত্ত কর্পোরেট সিমের মাধ্যমে তাদের কার্যক্রম ও অবস্থান পর্যবেক্ষণ করা যাবে। ফলে গণশিক্ষা কেন্দ্রসমূহের শিক্ষা কার্যক্রম আরো ফলপ্রসূ হবে। পরবর্তীতে শিক্ষা কার্যক্রম মনিটরিং এর জন্য সফটওয়্যার তৈরী করা হবে।

